



৬ আগস্ট, ২০২৪

বরাবর,

প্রধান বার্তা সম্পাদক / বার্তা সম্পাদক

দৈনিক পত্রিকা ও ইলেকট্রনিক মিডিয়াসমূহ

বাংলাদেশে উদ্ভূত বর্তমান পরিস্থিতি নিয়ে বাংলাদেশ পরিবেশ আন্দোলন (বাপা)-র পক্ষ থেকে সভাপতি, অধ্যাপক নুরমোহাম্মদ তালুকদার ও সাধারণ সম্পাদক মো. আলমগীর কবির যৌথভাবে নিম্নোক্ত বিবৃতি প্রদান করছেন:

বাংলাদেশে উদ্ভূত বর্তমান পরিস্থিতি নিয়ে বাংলাদেশ পরিবেশ আন্দোলন (বাপা)-র বিবৃতি

শিক্ষার্থী-জনগণের স্বতঃস্ফূর্ত গণ-অভ্যুত্থানের মধ্য দিয়ে অগণতান্ত্রিক সরকারের পতনের ফলে বাংলাদেশে এক নতুন অধ্যায়ের সূচনা হলো। এই আন্দোলনে নিহত সকলের প্রতি আমাদের বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করছি এবং সকল হত্যাকাণ্ডের সুষ্ঠু তদন্ত ও বিচার দাবি করছি। পাশাপাশি আহত সকলের সুচিকিৎসাকে সর্বাধিক গুরুত্ব দেওয়া জোর দাবি জানাচ্ছি। একইসাথে এই গণআন্দোলনে অন্যায়ভাবে আটককৃত সকল ছাত্র-জনতার আমরা দ্রুত মুক্তির দাবি জানাচ্ছি। একই সাথে আমরা দ্রুততম সময়ের মধ্যে নির্দলীয় ও নিরপেক্ষ অন্তর্বর্তীকালীন সরকার গঠনের জোর দাবি জানাচ্ছি।

আমরা অত্যন্ত উদ্বেগের সাথে লক্ষ্য করছি যে, ছাত্র-জনতার আন্দোলনের এই বিজয় পরবর্তী সময়ে কার্যকরী সরকার ব্যবস্থার অনুপস্থিতির সুযোগে এবং আইনশৃঙ্খলা বাহিনীর নির্লিপ্ততা অথবা অপারগতার সুযোগে দেশের বিভিন্ন স্থানে নাশকতা ও লুটপাট শুরু হয়েছে। সরকারি স্থাপনা, মুক্তিযুদ্ধের স্মারক, শিল্প কলা এবং ব্যক্তিগত সম্পদের উপর হামলার সাথে সাথে কতিপয় অঞ্চলে ধর্মীয় সংখ্যালঘুদের ওপরও উন্মুক্ত ধ্বংসযজ্ঞ চালানো হচ্ছে। এই ধরনের অরাজকতা মোটেই বরদাস্ত যোগ্য নয় বিধায় ছাত্র জনতা ও সকল সামাজিক রাজনৈতিক সংগঠনের দায়িত্ব একে সম্মিলিতভাবে প্রতিহত করা। দেশের সুশৃঙ্খল পরিবেশ ফিরিয়ে আনার জন্য আমরা অনতিবিলম্বে সেনাবাহিনী ও তার সহজ যোগানো সহযোগিতা ও মদনপুষ্টতায় অন্যান্য রাষ্ট্রীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের কার্যকর ভূমিকা প্রত্যাশা করছি। সকল ধরনের হানাহানি ও সংঘাত পরিহার করে আগামী দিনগুলোতে একটি বৈষম্যমুক্ত, মানবিক ও অসাম্প্রদায়িক রাষ্ট্র গঠনের জন্য বাংলাদেশের সকল জনগণ একাত্ম হয়ে কাজ করবে বলে আমরা আশাবাদী ও তৎপর।

**BANGLADESH
PORIBESH
ANDOLON
(BAPA)**

Royal Unique Heights
Flat # 1-B, Plot # 4/A,B,C
Sobhanbag, Dhaka-1207
Bangladesh.
Tele Phone: +88-02-58152041
Call: 01329725825
E-mail: bapa2000@gmail.com
Web : www.bapa.org.bd

ধন্যবাদসহ-

মো. আলমগীর কবির

সাধারণ সম্পাদক

বাংলাদেশ পরিবেশ আন্দোলন (বাপা)

অধ্যাপক নুরমোহাম্মদ তালুকদার

সভাপতি

বাংলাদেশ পরিবেশ আন্দোলন (বাপা)